

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ : মোঃ জিল্লার রহমান
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ও
সভাপতি
নির্বাহী কমিটি, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সভার তারিখ : ০৬.০২.২০১৮ খ্রি.
সময় : দুপুর ১২.০০ টা
সভার স্থান : বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলোঃ

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জাতীয় সমাজকল্যাণ পরিষদের সর্বশেষ মনোনীত সদস্য জনাব শেখ কবির হোসেন কে পরিচয় করিয়ে এবং উপস্থিত সকল সদস্যের পারস্পারিক পরিচিতি এবং কুশল বিনিময়ের পর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সমাজকল্যাণ পরিষদের নির্বাহী সচিব (কমিটির সদস্যসচিব) কে সভাপতি আহ্বান জানান। নির্বাহী সচিব সভার বিজ্ঞপ্তি অনুযায়ী আলোচ্যসূচির আলোকে প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণ এবং উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং আলোচ্যসূচি বিস্তারিতভাবে আলোচনা ও নিম্ন-রূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বিগত ০৮.০৬.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	নির্বাহী কমিটির ০৮.০৬.২০১৭ খ্রি. তারিখে সভার কার্যবিবরণী	নির্বাহী কমিটির সর্বশেষ ০৮.০৬.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় পঠন ও অনুমোদনক্রমে সর্বসম্মতভাবে দৃঢ় করা হয়।	-	-
১।	জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মকর্তা/কর্মচারীদে র ১৮ মাস ছুটি নগদায়ন	বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণ সন্তোষজনক চাকুরিকাল সম্পন্ন করে অবসর গ্রহণের ক্ষেত্রে সম্পূর্ণ চাকুরিকালে তাঁর অভোগকৃত অর্জিত ছুটির সর্বোচ্চ আঠারো মাস পর্যন্ত ছুটি নগদায়নের সুবিধা প্রাপ্য হবেন, তবে, ০১-০৭- ২০১৬ খ্রি তারিখের পরে অবসরে যাওয়া কর্মচারীগণের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে মর্মে সিদ্ধান্তের আলোকে জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর ১১-০১-২০১৮ তারিখের ৩৪ নং পত্রের মাধ্যমে ছুটি নগদায়ন বিষয়ে সর্বশেষ মতামত প্রেরণ করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয় এর প্রশাসন-৫ (প্রশাসন ও	জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মকর্তা/কর্মচারী দের ১৮ মাস ছুটি নগদায়ন বিষয়ে অর্থমন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	নির্বাহী সচিব জাতীয় সমাজকল্যাণ পরিষদ

		শৃঙ্খলা) শাখা হতে সুপারিশসহ অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় বিষয়টি বিবেচনাধীন আছে। অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন		
২।	পরিষদ এর জন্য গাড়ি ক্রয়	পরিষদ কার্যালয়ের জন্য প্রগতির তৈরী এসইউভি গাড়ি দ্রুত ক্রয় করতে হবে মর্মে সিদ্ধান্ত অনুযায়ী জুন, ২০১৭ খ্রি মাসে প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড হতে একটি জীপ গাড়ি ক্রয় করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়িত	
৩।	২০১৬-২০১৭ অর্থবছরে চা-বাগান শ্রমিকসহ দরিদ্রসীমার নীচে বসবাসকারী জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন খাতে বরাদ্দকৃত ২.০০(দুই) কোটি টাকা ব্যয়	চা-বাগান শ্রমিকসহ দরিদ্রসীমার নীচে বসবাসকারী জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন খাতে বরাদ্দকৃত ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা জনপ্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে ৪০০ জনের মধ্যে রাংগামাটি জেলার লংগদু উপজেলায় ৫০ জন, কক্সবাজার জেলায় ১৫০ জন, কিশোরগঞ্জ জেলার ৬৫ জন, নেত্রকোনা জেলায় ৬৫ জন এবং সুনামগঞ্জ জেলায় ৭০ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তির মধ্যে অনুদান হিসেবে বিতরণ করতে হবে মর্মে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	সিদ্ধান্ত বাস্তবায়িত	
৪।	২০১৭-২০১৮ অর্থবছরে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের নির্বাহীগণের প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন	সভায় আলোচনা হয় যে, গত ০৮.০৬.২০১৭ খ্রি. তারিখের সভায় ৩৭টি প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য এখাতে বরাদ্দকৃত ১.৩২ কোটি টাকা বিভাজন অনুমোদন করা হয়। চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে ৩৭টি প্রশিক্ষণ কোর্সের পরিচালনার পরিকল্পনা গৃহীত হয়। এযাবৎ ২৪টি প্রশিক্ষণ কোর্স শেষ হয়েছে এবং প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা ৭৫৫ জন। ২৫তম ব্যচের প্রশিক্ষণ চলমান আছে। পরিকল্পিত প্রশিক্ষণ কোর্সসমূহ সফলভাবে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে সভাকে অবহিত করা হয়।	স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের নির্বাহীগণের জন্য পরিকল্পিত প্রশিক্ষণ কোর্সসমূহ সফলভাবে বাস্তবায়ন করতে হবে	নির্বাহী সচিব, জাতীয় সমাজকল্যাণ পরিষদ

খ) সভার আলোচ্যসূচি

১।	২০১৭-২০১৮ অর্থবছরের কল্যাণ অনুদান খাতের বিভাজন পুনঃবিভাজন	কল্যাণ অনুদান খাতের প্রায় ৪৭.৫৫ (প্রায়) কোটি টাকার বিভাজন অনুমোদনপূর্বক বাস্তবায়নের নির্দেশ দেয়া হয়। ০৮.০৬.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে সভায় জানানো হয় যে অনুমোদিত বাজেট বিভাজন অনুযায়ী খাত/উপখাত ভিত্তিক কল্যাণখাত সমূহে অর্থ বিতরণ অব্যাহত আছে। কিন্তু, কোন কোন খাতে বিভাজিত অর্থ যথাযথভাবে ব্যয় করা সম্ভব হচ্ছে না। তবে বিশেষ অনুদান খাতে বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনুদান প্রদান অব্যাহত আছে। অদ্যকার এ সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করে বিভাজিত অর্থ	কল্যাণখাত সমূহের মধ্যে বিশেষ অনুদান খাতে অর্থ বিতরণ অব্যাহত রাখতে হবে।	নির্বাহী সচিব, জাতীয় সমাজকল্যাণ পরিষদ
----	---	--	--	--

